দৈনিক
আমাদের সময়

31 MAY 2017
8 2

কোচিংবাজ শিক্ষকের খোঁজে দুদক

# সিদ্ধান্ত বাস্তবায়ন করুন

আমাদের শিক্ষাব্যবস্থায় এক মহাসংকটের নাম কোচিংবাণিজ্য। স্কুল-কলেজের শিক্ষার চেয়ে দিনে দিনে গুরুত্বপূর্ণ হয়ে গেছে কোচিং সেন্টারকেন্দ্রিক তথাকথিত শিক্ষা। দেশের জেলা ও উপজেলা শহরগুলোতেও ছড়িয়ে পড়েছে এই কোচিংবাণিজ্য। সরকার নানা রকম চেষ্টা করলেও এ বাণিজ্য একেবারে বন্ধ করতে পারেনি। তবে চেষ্টা অব্যাহত রয়েছে। এবার কোচিংবাণিজ্যে জড়িত শিক্ষকদের খুঁজছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। কমিশন থেকে চিঠি দিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানপ্রধানের কাছে কোচিংবাজ শিক্ষকদের তালিকা চাওয়া হয়েছে। প্রায় দেড় ডজন শিক্ষা প্রতিষ্ঠানে দুদকের এই চিঠি পাঠানো হয়েছে বলে জানা গেছে। কোচিং থেকে শিক্ষাব্যবস্থাকে মুক্ত করতে দুদকের উদ্যোগ প্রশংসনীয়। তবে বাস্তবায়ন করতে হবে যথাযথভাবে। 'কোচিংবাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২' অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের শিক্ষাকার্যক্রম চলাকালে শিক্ষকের নির্ধারিত ক্লাসের বাইরে বা এর আগে অথবা পরে শিক্ষক কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানের অভ্যন্তরে বা বাইরে কোনো স্থানে পাঠদান করাকে কোচিং বলা হয়। এ নীতিমালার ভূমিকায় বলা হয়েছে, 'অভিভাবক ও শিক্ষার্থীরা কোচিংবাণিজ্যের সঙ্গে যুক্ত শিক্ষকদের কাছে অনেকটা জিম্মি হয়ে পড়েছেন; যা পরিবারের ওপর আর্থিক চাপ সৃষ্টি করেছে এবং এ ব্যয় নির্বাহে অভিভাবকরা হিমশিম খাচ্ছেন। এ ছাড়া অনেক শিক্ষক শ্রেণিকক্ষে পাঠদানে মনোযোগী না হয়ে কোচিংয়ে বেশি সময় ব্যয় করছেন। এ ক্ষেত্রে দরিদ্র ও পিছিয়ে পড়া শিক্ষার্থীরা এবং অভিভাবকরা চরমভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।' তাই কোচিংবাজ শিক্ষকের বিরুদ্ধে দুদক ব্যবস্থা নিয়ে শাস্তি নিশ্চিত করতে পারলে এ বাণিজ্য অনেকটা কমে যাবে।

আমরাও চাই, শিক্ষা খাত থাকুক হুমকিমুক্ত। যেন আগামী প্রজন্ম শিক্ষার সত্যিকার আলোটুকু পায়। কিন্তু শিক্ষার নামে কোচিংবাণিজ্য লাগামহীন হয়ে উঠলে সব অর্জন ভেস্তে যাবে আমাদের। তাই শুধু সামাজিক মর্যাদা বৃদ্ধি, অর্থনৈতিক সুবিধা বৃদ্ধির ব্যবস্থা, সমাজের সর্বস্তরে শিক্ষকদের জন্য সত্যিকারের মর্যাদার পরিবেশ সৃষ্টিই নয়, পাশাপাশি কোচিংবাজ শিক্ষকদের শাস্তি নিশ্চিত করতে পারলেই এ বাণিজ্য বন্ধ করা সম্ভব।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর